



এইচপিভি টিকার বিষয়ে বাবা–মায়েদের সঙ্গে কার্যকর আলোচনা

চিকিৎসকরা যা বলেন তা গুরুত্বপূর্ণ; তবে চিকিৎসকরা কিভাবে তা বলেন, সেটা আরও গুরুত্বপূর্ণ।

যখন চিকিৎসকরা দৃঢ়ভাবে বাবা–মায়েদের এইচপিভি টিকা নেওয়ার পরামর্শ দেন তখন বেশিরভাগ বাবা–মা ই নিজেদের মেয়েদের টিকা দেবার সিদ্ধান্ত নিয়ে নেন

অন্যান্য টিকা যেভাবে সুপারিশ করা হয়, ঠিক সেভাবেই এইচপিভি টিকা সুপারিশ করা উচিত।

আপনি বলতে পারেন,

"আপনার মেয়ের তো ৯ বছর বয়েস হলো ওকে এবার অবশ্যই টিকা দিন যা ওকে সারভিক্যাল ক্যান্সার ও আরো এইচপিভি–জনিত ক্যান্সার থেকে সুরক্ষা দেবে। এটা ওর স্বাস্থ্যের জন্য গুরুত্বপূর্ণ। ওকে প্রথম ডোজের জন্য কবে আনতে পারবেন?"

যদি মা অথবা বাবা দ্বিধা বোধ করেন বা তাদের কোনো প্রশ্ন থাকে তাহলে আপনি আপনার কথোপকথন, প্রশ্ন দিয়ে, এভাবে শুরু করতে পারেন

'এই টিকা নিয়ে আপনাদের চিন্তার মূল কারণ কি?'

অভিভাবকদের চিন্তা ও উদ্বেগের সমাধান করতে আপনি নিচে দেওয়া উত্তরগুলি ব্যবহার করতে পারেন

আমার মেয়ের কেন এই এইচপিভি টিকা প্রয়োজন?

এইচপিভি টিকা দেওয়া গুরুত্বপূর্ণ কারণ এটি আপনার মেয়েকে বিভিন্ন এইচপিভি ভাইরাস থেকে সুরক্ষিত রাখবে। সে বড় হতে হতে এই টিকা তাকে সার্ভিকাল ও আরও চার রকমের ক্যান্সার (গলা, যোনি, যোনিদ্বার এবং মলদ্বার)থেকে সুরক্ষা প্রদান করবে। ৯-১৪ বছর বয়েসে এই টিকা সবচেয়ে কার্যকর এবং শরীরকে সর্বোত্তম সুরক্ষা প্রদান করে।

এত কম বয়সে তাদের এইচপিভি টিকা কেন দেওয়া দরকার?

কারণ ৯-১৪ বছরের মধ্যে এইচপিভি টিকাকারণ খুব সক্রিয় হয় ও তা এইচপিভি ভাইরাস থেকে আরো ভালোভাবে সুরক্ষা প্রদান করে। গবেষণায় দেখা গিয়েছে যে সময়মতো এইচপিভি টিকা প্রদান করলে তা সুরক্ষা বৃদ্ধি করে কিন্তু বেশি বয়েসে এই টিকা নিলে এর থেকে প্রাপ্ত সুরক্ষা কমে যায়।

এই টিকার কটি ডোজ আমার মেয়ের জন্য প্রয়োজন?

৯ থেকে ১৪ বছর বয়সি মেয়েদের ২টি ডোজ প্রয়োজন। যেসব শিশুদের রোগপ্রতিরোধ ক্ষমতা দুর্বল (ইমিউনোকম্প্রোমাইজড বা যাদের এইচআইভি আছে), বা যাদের বয়স ১৫বছর বা তার বেশি, তাদের অবশ্যই ৩টি ডোজ নিতে হবে।

এইচপিভি টিকা কি নিরাপদ?

হ্যা। এইচপিভি টিকা খুবই নিরাপদ, একদম টিটেনাসের টিকার মতোই।

১০০-টিরও বেশি দেশ তাদের শিশুদের নিরাপদে এই এইচপিভি টিকা দিয়েছে। এই টিকা বাজারে সবচেয়ে বেশি গবেষিত এবং এই গবেষণাগুলো থেকে জানা গেছে যে এটি সম্পূর্ণরূপে নিরাপদ।







এইচপিভি টিকার কি কোনো পার্শ্বপ্রতিক্রিয়া হয় ?

এইচপিভি টিকা সম্পূর্ণরূপে নিরাপদ। অন্যান্য টিকার মতোই, এইচপিভি টিকা : দিলে, জ্বর, মাথাব্যাথা, এবং টিকার ইনজেক্শনের জায়গায় ব্যাথা হতে পারে। এই এইচপিভি টিকার কারণে খুব অল্পসংখ্যক শিশুর মাথা ঘোরাতে পারে সেই জন্য আমরা ইনজেকশন দেবার পার শিশুদের ১৫ মিনিট বসে থাকবার নির্দেশ দিয়ে থাকি

এইচপিভি টিকা কি ভবিষ্যতে আমার মেয়ের প্রজনন ক্ষমতাকে প্রভাবিত করবে?

না। প্রজনন ক্ষমতার ওপর এইচপিভি টিকার কোনো প্রভাব পড়েনা। বাস্তবতা হলো যে এই এইচপিভি টিকা আপনার মেয়েকে সার্ভিকাল ক্যান্সার থেকে রক্ষা করবে ও অন্যান্য সম্ভাব্য সমস্যা প্রতিরোধ করবে যা আপনার মেয়ের প্রজনন ক্ষমতাকে সুরক্ষিত রাখবে।

এইচপিভি কী কী ক্যন্সারের সৃষ্টি করতে পারে?

এইচপিভি বা হিউম্যান প্যাপিলোমাভাইরাস, একটি সাধারণ ভাইরাস যা কয়েক ধরনের ক্যান্সারের সৃষ্টি করতে পারে। মহিলাদের ক্ষেত্রে এটি, সার্ভিকাল, গলা, মলদ্বার, যোনিপথ এবং যোনিদ্বারের ক্যান্সার সৃষ্টি করতে পারে। পুরুষদের ক্ষেত্রে, এটি গলা, মলদ্বার, এবং পুরুষাঙ্গের ক্যান্সার সৃষ্টি করতে পারে।

আমার শিশুর কি সত্যিই এইচপিভি সংক্রমণের ঝুঁকি আছে?

এইচপিভি খুবই সাধারণ একটি ভাইরাস। প্রায় সকলেই জীবনের কোনও না কোনও সময়ে এই সংক্রমণে আক্রান্ত হয়েছেন। সঠিক সময়ে এইচপিভি টিকা নিলে তা আপনার মেয়েকে বয়সকালে এইসব ক্যান্সার থেকে সুরক্ষা প্রদান করবে।

এটা কিভাবে জানলেন যে এইচপিভি টিকা কার্যকরী?

এইচপিভি টিকা সম্পূর্ণরূপে কার্যকরী। অস্ট্রেলিয়া, ইংল্যান্ড এবং সুইডেনের মতো দেশগুলিতে, যেখানে এইচপিভি টিকাকরণের হার বেশি, সেই দেশগুলিতে সার্ভিকাল ক্যান্সারের ঘটনা ইতিমধ্যে উল্লেখযোগ্যভাবে কমেছে। বেশিরভাগ সার্ভিকাল ক্যান্সারই প্রতিরোধ করার ক্ষমতা আছে এইচপিভি টিকার।

এইচপিভি টিকার প্রভাব কতদিন স্থায়ী হবে?

এমন অনেক প্রমাণ আছে যা ইঙ্গিত দেয় যে এইচপিভি টিকা দীর্ঘস্থায়ী সুরক্ষা প্রদান করে। এমন কোনও প্রমাণ নেই যে টিকার সুরক্ষা সময়ের সঙ্গে সঙ্গে কমে যায়।

আমাকে কি এইচপিভি টিকার জন্য কোনো টাকা দিতে হবে?

[চিকিৎসকদের জন্য বিঃদ্রঃ ২০২৩ সালে এটা ঘোষণা করা হয়েছে যে, এইচপিভি টিকাকে সর্বজনীন টিকাকরণ কর্মসূচী (ইউআইপি)-তে যুক্ত করা হবে। এই ব্যবস্থা আপনার রাজ্যে উপলব্ধ হলে, মেয়েরা এই টিকা বিনামূল্যে পাবে।]

হাাঁ, টিকার জন্য আপনাকে টাকা দিতে হবে। আজকের দিনে টিকাটির দাম ______পড়বে । আমার মতে, পরবর্তীকালে ক্যান্সার চিকিৎসা চিকিৎসার খরচের তুলনায় এই খরচ খুবই কম।

সে কি তার বিয়ের পর টিকা নিতে পারে?

এই টিকাটি বিয়ের সঙ্গে সম্পর্কিত নয়, এটি ক্যান্সার প্রতিরোধ করবার জন্য। এই টিকাটি কম বয়েসে আর যৌন কার্যকলাপ শুরু হবার আগে নিলে সবথেকে কার্যকরী হয় আর আপনার সন্তানকে এইচপিভি ভাইরাস থেকে সুরক্ষা প্রদান করে।

আপনি কি আপনার সন্তানদের এই এইচপিভি টিকা দেবেন?

হাঁা, আমার সন্তানরা (বা নাতি-নাত্নিরা) এইচপিভি টিকা নিয়েছে কারণ এটি খুবই কার্যকরী এবং ক্যান্সার থেকে তাদের সুরক্ষিত রাখে । বা আমার যদি ৯-১৪ বছর বয়সি সন্তান বা নাতি-নাতনি থাকত, আমি তাদের টিকা দিতাম যাতে ভবিষ্যতে তারা ক্যান্সার থেকে সুরক্ষিত থাকতে পারে।

আমার এক বন্ধুর মেয়ের টিকা নেওয়ার পরে খারাপ প্রতিক্রিয়া হয়েছিল। আমার কি চিন্তিত হওয়া উচিত?

আমি আপনার চিন্তাটা বুঝতে পারছি। কিন্তু আমার জানা আছে যে এইচপিভি টিকাটি গবেষিত এবং সম্পূর্ণরূপে নিরাপদ। একজন চিকিৎসক হিসাবে এটা দেখে খারাপ লাগে যে, ভারতে প্রতি ৮ মিনিটে একজন করে মহিলার সার্ভিকাল ক্যান্সারে মৃত্যু হয়, যেটা কিনা রোধ করা যায়। ৯-১৪ বছর বয়েসের মধ্যে আপনার মেয়েকে এইচপিভি টিকা দিলে আপনার মেয়ে সার্ভিকাল এবং অন্যান্য এইচপিভি-জনিত ক্যান্সারের হাত থেকে সুরক্ষা পাবে।

সূত্র

1. FOGSI Gynaecologic Oncology Committee. FOGSI GCPR Screening and Management of Preinvasive Lesions of Cervix and HPV Vaccination.

[Internet]. 2018 Jan [cited 2023 Mar 14]. Available from: https://www.fogsi.org/wp-

content/uploads/2018/03/FOGSI-GCPR-March-2018-final.pdf

2. Indian Academy of Pediatrics. IAP Immunization Schedule 2021 [Internet]. 2021 [cited 2023 Mar 14]. Available from:

https://acvip.org/professional/columns/iap-immunization-schedule-2020-2021-table-form

3. Ngan HYS, Garland SM, Bhatla N, Pagliusi SR, Chan KKL, Cheung ANY, et

al. Asia Oceania Guidelines for the Implementation of Programs for Cervical Cancer Prevention and Control. J Cancer Epidemiol [Internet].

2011 Apr 13 [cited 2023 Mar 14];2011:794861. Available from: https://

www.ncbi.nlm.nih.gov/pmc/articles/PMC3083000/

4. World Health Organization. Human papillomavirus vaccines (HPV)

[Internet]. [cited 2022 Sep 16]. Available from:

https://www.who.

int/teams/immunization-vaccines-and-

biologicals/diseases/human-

papillomavirus-vaccines-(HPV)

5. World Health Organization. Cervical cancer [Internet]. 2022 [cited 2022

Sep 16]. Available from: https://www.who.int/news-

room/fact-sheets/

detail/cervical-cancer

6. National Cancer Institute. HPV and Cancer [Internet]. 2022 [cited 2022

Sep 16]. Available from: https://www.cancer.gov/about-

cancer/causes-

prevention/risk/infectious-agents/hpv-and-cancer

7. World Health Organization. Safety of HPV vaccines: Extract from report of GACVS meeting of 7-8 June 2017 [Internet]. 2017 Jul [cited 2022 Sep

21]. (Weekly Epidemiological Record). Available from: https://www.

who.int/groups/global-advisory-committee-on-vaccinesafety/topics/

human-papillomavirus-vaccines/safety

8. Centers for Disease Control and Prevention. HPV Vaccine Is Safe and

Effective [Internet]. 2019 [cited 2022 Sep 21]. Available from: https://

www.cdc.gov/hpv/parents/vaccinesafety.html

9. World Health Organization. Questions and Answers About Human

Papillomavirus (HPV) [Internet]. 2020 [cited 2022 Sep 20]. Available

from:

 $\underline{\text{https://cdn.who.int/media/docs/librariesprovider2/default}}$

-<u>document-library/who-hpv-qa.pdf?sfvrsn=d0bf716b_3</u>

10. Torjesen I. HPV vaccine cut cervical cancer rates in England by 87%. BMJ [Internet]. 2021 Nov 5 [cited 2022 Sep 21];37(n2689). Available from:

https://www.bmj.com/content/375/bmj.n2689

11. Markowitz LE, Schiller JT. Human Papillomavirus Vaccines. J Infect Dis

[Internet]. 2021 Oct 1 [cited 2022 Sep

21];224(Supplement_4):S367-78.

Available from: https://doi.org/10.1093/infdis/jiaa621

12. Centers for Disease Control and Prevention. HPV Vaccine Safety and

Effectiveness Data [Internet]. 2021 [cited 2022 Sep 21]. Available from:

https://www.cdc.gov/hpv/hcp/vaccine-safety-data.html

প্রিভেন্ট গ্লোবাল এইচপিভি ক্যান্সারস্ হল আমেরিকান ক্যান্সার সোসাইটির বিশ্ব এইচপিভি ক্যান্সার মুক্ত কর্মসূচী দ্বারা সমর্থিত একটি সহযোগী উদ্যোগ।

PreventGlobalHPVCancers.org